গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্যবস্থাপনা পরিচালক, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

এবং

সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

# সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৪

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৬

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৭

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

নিট মুনাফার পরিমাণ ৩১৬.৫৯ কোটি টাকা ও শেয়ার হোল্ডারগণকে প্রদত্ত নগদ লভ্যাংশের পরিমাণ ১৬৭.৩০ কোটি টাকা; সরকারি কোষাগারে নগদ লভ্যাংশ এবং করসহ অন্যান্য খাতে মোট ৭৭৩.৩৯ কোটি টাকা জমা প্রদান; সেকেন্ডারি মার্কেটে লেনদেনের পরিমাণ ৬৩,২৮৪.৫২ কোটি টাকা যা স্টক এক্সচেঞ্জসমূহের মোট লেনদেনের ৯.৩০%;আইসিবি ও সাবসিডিয়ারিসমূহের নিজস্ব পত্রকোষে ৭৬৯২.৯৩ কোটি টাকা বিনিয়োগ; আইসিবি ইউনিট ফান্ডে ১০০ টাকা অভিহিত মূল্যের ইউনিট প্রতি বিগত ০৩ বছরে যথাক্রমে ৪০, ৪২ ও ৪২ টাকা লভ্যাংশ প্রদান; ৪৫.২৫ কোটি টাকা প্রকল্প ঋণ বিতরণ ও ৪৭১.২৮ কোটি টাকা আদায়; পুঁজিবাজারে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের ৯০০ কোটি টাকার সহায়তা তহবিল এবং আবর্তনশীল ভিত্তিতে পুনঃবিনিয়োগযোগ্য পুঁজিবাজারে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের সহায়তা তহবিলের যথাযথ ব্যবস্থাপনা; 'আইসিবি এএমসিএল শতবর্ষ ইউনিট ফান্ড' বাজারজাতকরণ যার প্রাথমিক আকার ২০ কোটি টাকা; বন্ড মার্কেটের উন্নয়নে "আইসিবি ১ম মুদারাবা সুকুক" শিরোনামে ১০ বছর মেয়াদি ১,০০০ (এক হাজার) কোটি টাকার শরীয়াহ্ভিত্তিক "ইনভেস্টমেন্ট সুকুক" ইস্যুর উদ্যোগ চূড়ান্ত পর্যায় রয়েছে ; এবং ইইএফ/ইএসএফ এর অধীনে উল্লিখিত তিন বছরে মোট ৪০.৮৫ কোটি টাকা বিতরণ এবং এ পর্যন্ত কৃষি ও আইটি খাতে ১০৪৩টি প্রকল্পে আনুমানিক ৫১৭০৬ জন লোকের কর্মসংস্থান সৃষ্টি।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

কোভিড-১৯ ও এর পরবর্তী চলমান বৈশ্বিক মন্দা এবং রাশিয়া-ইউক্রেন সংঘাতের ফলে সাম্প্রতিক বছরগুলোতে পুঁজিবাজার মূল্য সংশোধনে থাকায় কর্পোরেশনের নিট মুনাফা ব্যাপকভাবে হ্রাস পাওয়ার বিপরীতে সুদ ব্যয় তথা পরিচালন ব্যয় বৃদ্ধি অব্যাহত থাকা; পুঁজিবাজারের স্থিতিশীলতা বজায় রাখার ক্ষেত্রে স্বল্প সুদে দীর্ঘ মেয়াদে পর্যাপ্ত তহবিল উৎসের সীমাবদ্ধতা; বিগত সময়ে পুঁজিবাজার বিপর্যয়ের কারণে বিপুল পরিমাণ অনাদায়ী মার্জিন ঋণ ও বিনিয়োগকারীগণের ক্রয় ক্ষমতা হ্রাস; পণ্য/সেবা বৈচিত্র্যের অপ্রতুলতা; শ্রেণিকৃত ঋণ আদায়ে প্রতিবন্ধকতা; সমজাতীয় একাধিক কোনো বৃহৎ প্রতিষ্ঠান না থাকায় বিনিয়োগ প্রত্যাহারে প্রতিবন্ধকতা; এবং রাজস্ব আয়ের ক্ষেত্রে ইক্যুইটি মার্কেটের উপর অধিক মাত্রায় নির্ভরশীলতা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে আর্থিক খাতের কার্যক্রম স্মার্ট পদ্ধতিতে রূপান্তরের বিষয়ে সরকারের প্রয়াসের সাথে সামঞ্জস্য রেখে প্রতিষ্ঠানের সেবা কার্যক্রমসমূহ ডিজিটালাইজেশনের প্রক্রিয়া অব্যাহত রাখা। বর্তমান পরিস্থিতিতে নিজস্ব আর্থিক সক্ষমতা বৃদ্ধি ও পুঁজিবাজারের স্থিতিশীলতা নিশ্চিতকরণের লক্ষ্যে আইসিবি কর্তৃক উচ্চ হার সুদে বিদ্যমান স্বল্প মেয়াদি লোন/টার্ম ডিপোজিট পরিশোধকরণ এবং মার্কেট সাপোর্ট প্রদান। এ লক্ষ্যে সরকারের নিকট হতে স্বল্প সুদে ১০ বছর মেয়াদে ৫০০০ কোটি টাকা মঞ্জুরের ব্যবস্থা গ্রহণ, বাংলাদেশ ব্যাংক হতে ৩২০০ কোটি টাকার ডিমান্ড সফ্‌ট্ লোন প্রাপ্তির উদ্যোগ গ্রহণ। আইসিবির বন্ধ হয়ে যাওয়া কার্যক্রমসমূহ এবং আইসিবি ইউনিট সার্টিফিকেট পুনরায় চালুকরণের উদ্যোগ গ্রহণ; স্টক এক্সচেঞ্জসমূহে লেনদেনের পরিমাণ বৃদ্ধি; মিউচ্যুয়াল ফান্ড সার্টিফিকেট বিক্রয়ের মাধ্যমে মার্কেট পার্টিসিপেন্ট বৃদ্ধির উদ্যোগ গ্রহণ; শ্রেণিকৃত ঋণ আদায়ের জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ; এবং কৃষি ও আইটি খাতে উদ্যোক্তা ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ইইএফ/ইএসএফ স্কিম এর কার্যক্রম গতিশীলকরণ।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- পুঁজিবাজারে ১৫০০ কোটি টাকা বিনিয়োগ ও ১২০০০ কোটি টাকা লেনদেন; মার্জিন ঋণ বিতরণ ৩৫০ কোটি টাকা; মার্জিন ও প্রকল্প ঋণ আদায় ৬৪০ কোটি টাকা এবং শ্রেণিকৃত ঋণের হার হ্রাসকরণ; ইস্যু ম্যানেজমেন্ট ও আন্ডাররাইটিং কার্যক্রমের মাধ্যমে পুঁজিবাজার উন্নয়নে ভূমিকা পালন; ১৯০০ মার্কেট পার্টিসিপেন্ট সৃষ্টি এবং ৪১০ কোটি টাকার মিউচ্যুয়াল ফান্ড সার্টিফিকেট বিক্রয়;৬টি নতুন মিউচ্যুয়াল ফান্ড ও বন্ড এর ট্রাস্টি ও কাস্টোডিয়ান হিসেবে দায়িত্ব পালন;ওয়েবেবেইজড Employee Management System (HRM, Payroll, Staff Loan, PF & Pension) সফটওয়্যার ক্রয় ও স্থাপন; এবং ইইএফ/ইএসএফ হতে ১০ কোটি টাকা বিতরণ এবং ৩৫ কোটি টাকা আদায়।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

এবং

সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর মধ্যে ২০২৩ সালের ................. মাসের ................. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১
## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)
নেতৃত্বস্থানীয়, দায়িত্বশীল এবং উদ্ভাবনী আর্থিক প্রতিষ্ঠান হিসেবে নিজেদেরকে এমনভাবে প্রতিষ্ঠা করা যাতে আমাদের ক্রমবর্ধমান অর্থনীতিতে অবদান রাখার পাশাপাশি এর সুফল ভোগ করা যায়।

### ১.২ অভিলক্ষ্য (Mission)
সংশ্লিষ্ট নিয়ন্ত্রক কর্তৃপক্ষসমূহের বিধিবিধান পরিপালন সাপেক্ষে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ আইন-২০১৪ এ প্রদত্ত ম্যান্ডেট অনুযায়ী সম্পদের সুষম ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে সর্বোচ্চ মুনাফা ও প্রবৃদ্ধি অর্জনের পাশাপাশি দেশে একটি শক্তিশালী ও টেকসই পুঁজিবাজার গঠনের প্রচেষ্টা অব্যাহত রাখা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র
#### ১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. বিনিয়োগের ক্ষেত্র সম্প্রসারণ ও সঞ্চয় সংগ্রহ
২. মার্চেন্ট ব্যাংকিং ও মিউচ্যুয়াল ফান্ড ব্যবস্থাপনার মাধ্যমে কার্যকর পুঁজিবাজার উন্নয়ন
৩. ইক্যুইটি অর্থায়ন, ঋণ মান এবং পরিসেবার মানোন্নয়ন
৪. সমন্বিত MIS ও প্রযুক্তি ব্যবস্থাপনা উন্নয়নের মাধ্যমে দপ্তর/ সংস্থার উন্নয়নসহ কর্মদক্ষতা ও গ্রাহক সেবার মান বৃদ্ধি

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. প্লেসমেন্ট ও ইক্যুইটি পার্টিসিপেশনসহ সরাসরি শেয়ার ও ডিবেঞ্চার ক্রয়-বিক্রয়, এককভাবে ও সিন্ডিকেটের মাধ্যমে লিজ অর্থায়ন, ভেঞ্চার ক্যাপিটাল অর্থায়ন এবং ব্যাংক গ্যারান্টি প্রদান, ইউনিট ফান্ড ও মিউচ্যুয়াল ফান্ড সার্টিফিকেটের বিপরীতে অগ্রিম প্রদান; কর্পোরেশনের নিজস্ব ও এর সাবসিডিয়ারি কোম্পানিসমূহের পোর্টফোলিও ব্যবস্থাপনাসহ মিউচ্যুয়াল ফান্ড ও ইউনিট ফান্ড ব্যবস্থাপনা এবং সংশ্লিষ্ট ফান্ডসমূহের পোর্টফোলিও ব্যবস্থাপনা, বিনিয়োগ হিসাব ব্যবস্থাপনা, উদ্যোক্তা ও বিনিয়োগকারীদের পরামর্শ প্রদান, ট্রাস্টি ও কাস্টোডিয়ান হিসেবে দায়িত্ব পালন, মার্জিন ও নন-মার্জিন হিসাব পরিচালনাসহ মার্চেন্ট ব্যাংকিং ও স্টক ব্রোকারেজ কার্যক্রম পরিচালনা; মার্জার, একুাইজিশন এবং অ্যাসেট পুনর্গঠন কার্যক্রমে সহায়তা প্রদান, রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের শেয়ার অফলোড প্রক্রিয়ায় অংশগ্রহণ, যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত কোম্পানির অর্থায়নে অংশগ্রহণ, বাজার চাহিদা উপযোগী নতুন ব্যবসার উদ্ভাবন ও পুঁজিবাজার সংক্রান্ত অন্যান্য আনুষঙ্গিক কার্যক্রম পরিচালনা; এবং ইক্যুইটি এন্ড অন্ট্র্যাপ্র্যানারশীপ ফান্ড (ইইএফ) ও অন্ট্র্যাপ্র্যানারশীপ সাপোর্ট ফান্ড (ইএসএফ) এর অপারেশনের ব্যবস্থাপনা এবং নির্দেশনানুযায়ী বিভিন্ন সময়ে সরকার কর্তৃক ঘোষিত বিশেষ তহবিল ব্যবস্থাপনা।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | | |
| কর্পোরেশনের মুনাফা অর্জন | মোট আয় | কোটি টাকা | ১৪০৬.৯৪ | ৭১৪.৩৬ | ১০০০ | ১১০০ | ১২০০ | | মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত কর্পোরেশনের বাজেট: ২০২৩-২৪; কর্পোরেশনের বার্ষিক প্রতিবেদন: ২০২১-২২, ২০২২-২৩ |
| সঞ্চয় সংগ্রহ ও বিনিয়োগের ক্ষেত্র সম্প্রসারণ | মার্কেট পার্টিসিপেন্ট | সংখ্যা | ২৯৮২ | ২০৪১ | ২১০০ | ২২০০ | ২৩০০ | | কর্পোরেশনের বার্ষিক প্রতিবেদন: ২০২১-২২, ২০২২-২৩ |
| কার্যকর পুঁজিবাজার গঠনে চাহিদা ও যোগানের ভারসাম্য রক্ষায় সহায়তাকরণ | আইসিবির মাধ্যমে পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানির সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে সম্পাদিত চুক্তি | সংখ্যা | ৯ | ৯ | ৭ | ৮ | ৯ | | কর্পোরেশনের সংশ্লিষ্ট সাবসিডিয়ারি |
| সিকিউরিটিজ ও তারল্যের সমন্বয় সাধন | মিউচ্যুয়াল ফান্ড খাতে বিনিয়োগ বৃদ্ধি | কোটি টাকা | ৩৯৮ | ৩৯৬.৯৪ | ৪১০ | ৪২০ | ৪৫০ | | কর্পোরেশনের সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট এবং সাবসিডিয়ারি |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] বিনিয়োগের ক্ষেত্র সম্প্রসারণ ও সঞ্চয় সংগ্রহ | ২০ | [১.১] পুঁজিবাজারে বিনিয়োগ | [১.১.১] স্টক এক্সচেঞ্জসমূহে আইসিবির লেনদেনের পরিমাণ | সমষ্টি | কোটি টাকা | ১০ | ৩২৮২৬ | ১৩৫৫৩.১২ | ১২০০০ | ১১৫০০ | ১১০০০ | ১০০০০ | ৯০০০ | ১৩০০০ | ১৪০০০ |
| | | | [১.১.২] বিনিয়োগের পরিমাণ | সমষ্টি | কোটি টাকা | ৮ | ২৫৪৩ | ১২৭১.৮৪ | ১৪০০ | ১৩০০ | ১২০০ | ১১০০ | ১০০০ | ১৫০০ | ১৬০০ |
| | | [১.২] বিনিয়োগ হিসাবে সঞ্চয় সংগ্রহ | [১.২.১] বিনিয়োগ ও মার্জিন হিসাবে ডিপোজিট গ্রহণ | সমষ্টি | কোটি টাকা | ২ | ০ | ১২৯.৯৪ | ১৩০ | ১২০ | ১১৫ | ১১২ | ১১০ | ১৪০ | ২০০ |
| [২] মার্চেন্ট ব্যাংকিং ও মিউচ্যুয়াল ফান্ড ব্যবস্থাপনার মাধ্যমে কার্যকর পুঁজিবাজার উন্নয়ন | ২০ | [২.১] মার্চেন্ট ব্যাংকিং | [২.১.১] ইস্যু ম্যানেজমেন্ট ও আন্ডাররাইটিং | সমষ্টি | সংখ্যা | ৩ | ৯ | ৯ | ৭ | ৫ | ৩ | ২ | ১ | ৮ | ৯ |
| | | | [২.১.২] ট্রাস্টি ও কাস্টোডিয়ান | সমষ্টি | সংখ্যা | ২ | ৬ | ৫ | ৬ | ৫ | ৪ | ৩ | ২ | ৭ | ৮ |
| | | [২.২] মিউচ্যুয়াল ফান্ড ব্যবস্থাপনা | [২.২.১] সার্টিফিকেট বিক্রয়ের পরিমাণ (সিআইপিসহ) | সমষ্টি | কোটি টাকা | ৮ | ৩৯৮ | ৩৯৬.৯৪ | ৪১০ | ৪০০ | ৩৮০ | ৩৬০ | ৩৪০ | ৪২০ | ৪৫০ |
| | | [২.৩] মার্জিন ঋণ বিতরণ ও আদায় | [২.৩.১] মার্জিন ঋণ বিতরণ | সমষ্টি | কোটি টাকা | ৩ | ১০৪৪ | ৩৮১.৬৫ | ৩৬০ | ৩৩৫ | ৩২৫ | ৩১৫ | ৩০০ | ৪০০ | ৪২০ |
| | | | [২.৩.২] মার্জিন ঋণ আদায় | সমষ্টি | কোটি টাকা | ৪ | ১৩৫০ | ৩৮২.৩৩ | ৫০০ | ৪৭৫ | ৪৫০ | ৪২৫ | ৪০০ | ৬০০ | ৬৫০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৩] ইক্যুইটি অর্থায়ন, ঋণ মান এবং পরিসেবার মানোন্নয়ন | ১৭ | [৩.১] ইক্যুইটি ও ঋণ হিসেবে অর্থ বিতরণ ও আদায় | [৩.১.১] আদায়ের পরিমাণ (ইইএফ ও ইএসএফ) | সমষ্টি | কোটি টাকা | ৪ | ৫৯.১২ | ৪৫.৪০ | ৩৫ | ২৫ | ১৫ | ১০ | ৫ | ৩৬ | ৩৭ |
| | | | [৩.১.২] বিতরণের পরিমাণ (ইইএফ ও ইএসএফ) | সমষ্টি | কোটি টাকা | ৫ | ১০.০৭ | ১৩.৫৩ | ১০ | ৮ | ৬ | ৪ | ২ | ১১ | ১২ |
| | | [৩.২] ঋণ আদায় | [৩.২.১] প্রকল্প ঋণ আদায় | সমষ্টি | কোটি টাকা | ২ | ৩২৭ | ৩১৫.৮৪ | ২০০ | ১৪০ | ১১০ | ১০০ | ৯০ | ২০৫ | ২১০ |
| | | | [৩.২.২] শ্রেণিকৃত ঋণ আদায় | সমষ্টি | কোটি টাকা | ১ | ৭৫ | ৩২.৬১ | ৫০ | ৩৫ | ২৫ | ১৫ | ১০ | ৫২ | ৫৪ |
| | | | [৩.২.৩] অবলোপনকৃত ঋণ আদায় | সমষ্টি | লক্ষ টাকা | ১ | ৬ | ৮২.৫০ | ২.৫ | ২ | ১.৮ | ১.৬ | ১.৪ | ৩ | ৪ |
| | | [৩.৩] মিমাংসিত অডিট আপত্তি | [৩.৩.১] নিষ্পত্তিকৃত আপত্তির সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ২ | ৭ | ৬ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৬ | ৭ |
| | | [৩.৪] মামলা নিষ্পত্তিকরণ | [৩.৪.১] নিষ্পত্তি মামলা | সমষ্টি | সংখ্যা | ২ | ১০ | ৯ | ১১ | ৯ | ৭ | ৫ | ৩ | ১২ | ১৩ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৪] সমন্বিত MIS ও প্রযুক্তি ব্যবস্থাপনা উন্নয়নের মাধ্যমে দপ্তর/ সংস্থার উন্নয়নসহ কর্মদক্ষতা ও গ্রাহক সেবার মান বৃদ্ধি | ১৩ | [৪.১] আইসিটি ব্যবস্থা উন্নতকরণ | [৪.১.১] ওয়েববেইজড Employee Management System (HRM, Payroll, Staff Loan, PF & Pension) সফটওয়্যার ক্রয় ও স্থাপন। | তারিখ | তারিখ | ৬ | ০৮.০৬.২২ | ২৭.১২.২২ | ২২.০৫.২৪ | ৩০.০৫.২৪ | ০৬.০৬.২৪ | ১৬.০৬.২৪ | ২৪.০৬.২৪ | ০৯.০৪.২৫ | ১৮.০৪.২৬ |
| | | [৪.২] মার্কেট পার্টিসিপেন্ট | [৪.২.১] গ্রাহক বৃদ্ধি | সমষ্টি | সংখ্যা | ৪ | ২৯৮২ | ২০৪১ | ২১০০ | ১৯০০ | ১৭০০ | ১৫০০ | ১৪০০ | ২২০০ | ২৩০০ |
| | | [৪.৩] ব্যবসা সহজীকরণ এবং ওয়ান স্টপ সার্ভিস (OSS) সম্পর্কিত তথ্য প্রচার ও সেবা প্রার্থী কর্তৃক তথ্য জানার সুযোগ | [৪.৩.১] ওয়ান স্টপ সার্ভিস (OSS) চালুকৃত শাখা/অফিস | সমষ্টি | সংখ্যা | ৩ | ২ | ২ | ২ | ১ | | | | ২ | ২ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, ব্যবস্থাপনা পরিচালক, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় হিসাবে ব্যবস্থাপনা পরিচালক, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ব্যবস্থাপনা পরিচালক<br>ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ | ১৭/০৭/২০২৩<br>তারিখ |
| সচিব<br>আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় | ১৭.০৭.২০২৩খ্রি.<br>তারিখ |

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | APA | Annual Performance Agreement |
| ২ | PI | Performance Indicator |
| ৩ | আইসিবি | ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ |
| ৪ | ইইএফ | ইক্যুইটি অ্যান্ড অন্ট্র্যাপ্র্যানারশিপ ফান্ড |
| ৫ | ইএসএফ | অন্ট্র্যাপ্র্যানারশিপ সাপোর্ট ফান্ড |
| ৬ | এসডিজি | সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] পুঁজিবাজারে বিনিয়োগ | [১.১.১] স্টক এক্সচেঞ্জসমূহে আইসিবির লেনদেনের পরিমাণ | আইএসটিসিএল | আইএসটিসিএল হতে প্রাপ্ত প্রতিবেদন |
| | [১.১.২] বিনিয়োগের পরিমাণ | আইসিএমএল, আইএসটিসিএল, আইএএমসিএল , আইসিবির সকল শাখা, ইনভেস্টরস্ ডিপার্টমেন্ট ও পোর্টফোলিও ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট | আইসিএমএল, আইএসটিসিএল, আইএএমসিএল , আইসিবির সকল শাখা, ইনভেস্টরস্ ডিপার্টমেন্ট ও পোর্টফোলিও ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট হতে প্রাপ্ত প্রতিবেদন |
| [১.২] বিনিয়োগ হিসাবে সঞ্চয় সংগ্রহ | [১.২.১] বিনিয়োগ ও মার্জিন হিসাবে ডিপোজিট গ্রহণ | আইসিএমএল, আইএসটিসিএল, আইসিবির সকল শাখা ও ইনভেস্টরস্ ডিপার্টমেন্ট | আইসিএমএল, আইএসটিসিএল, আইসিবির সকল শাখা ও ইনভেস্টরস্ ডিপার্টমেন্ট হতে প্রাপ্ত প্রতিবেদন |
| [২.১] মার্চেন্ট ব্যাংকিং | [২.১.১] ইস্যু ম্যানেজমেন্ট ও আন্ডাররাইটিং | আইসিএমএল | আইসিএমএল হতে প্রাপ্ত প্রতিবেদন |
| | [২.১.২] ট্রাস্টি ও কাস্টোডিয়ান | আইসিএমএল ও ট্রাস্টি ডিপার্টমেন্ট | আইসিএমএল ও ট্রাস্টি ডিপার্টমেন্ট হতে প্রাপ্ত প্রতিবেদন |
| [২.২] মিউচ্যুয়াল ফান্ড ব্যবস্থাপনা | [২.২.১] সার্টিফিকেট বিক্রয়ের পরিমাণ (সিআইপিসহ) | আইএএমসিএল ও ইউনিট ফান্ড ডিপার্টমেন্ট | আইএএমসিএল ও ইউনিট ফান্ড ডিপার্টমেন্টহতে প্রাপ্ত প্রতিবেদন |
| [২.৩] মার্জিন ঋণ বিতরণ ও আদায় | [২.৩.১] মার্জিন ঋণ বিতরণ | আইসিএমএল, আইএসটিসিএল, আইসিবির সকল শাখা ও ইনভেস্টরস্ ডিপার্টমেন্ট | আইসিএমএল, আইএসটিসিএল, আইসিবির সকল শাখা ও ইনভেস্টরস্ ডিপার্টমেন্ট হতে প্রাপ্ত প্রতিবেদন |
| | [২.৩.২] মার্জিন ঋণ আদায় | আইসিএমএল, আইএসটিসিএল, আইসিবির সকল শাখা ও ইনভেস্টরস্ ডিপার্টমেন্ট | আইসিএমএল, আইএসটিসিএল, আইসিবির সকল শাখা ও ইনভেস্টরস্ ডিপার্টমেন্ট হতে প্রাপ্ত প্রতিবেদন |
| [৩.১] ইক্যুইটি ও ঋণ হিসেবে অর্থ বিতরণ ও আদায় | [৩.১.১] আদায়ের পরিমাণ (ইইএফ ও ইএসএফ) | ইইএফ উইং | ইইএফ উইং হতে প্রাপ্ত প্রতিবেদন |
| | [৩.১.২] বিতরণের পরিমাণ (ইইএফ ও ইএসএফ) | ইইএফ উইং | ইইএফ উইং হতে প্রাপ্ত প্রতিবেদন |
| [৩.২] ঋণ আদায় | [৩.২.১] প্রকল্প ঋণ আদায় | আইসিবির সকল শাখা ও রিকভারী ডিপার্টমেন্ট | আইসিবির সকল শাখা ও রিকভারী ডিপার্টমেন্ট হতে প্রাপ্ত প্রতিবেদন |
| [৩.২] ঋণ আদায় | [৩.২.২] শ্রেণিকৃত ঋণ আদায় | আইসিএমএল, আইএসটিসিএল, আইসিবির সকল শাখা, ইনভেস্টরস্ ও রিকভারীডিপার্টমেন্ট | আইসিএমএল, আইএসটিসিএল, আইসিবির সকল শাখা, ইনভেস্টরস্ ও রিকভারী ডিপার্টমেন্টহতে প্রাপ্ত প্রতিবেদন |
| | [৩.২.৩] অবলোপনকৃত ঋণ আদায় | রিকভারী ডিপার্টমেন্ট | রিকভারী ডিপার্টমেন্টহতে প্রাপ্ত প্রতিবেদন |
| [৩.৩] মিমাংসিত অডিট আপত্তি | [৩.৩.১] নিষ্পত্তিকৃত আপত্তির সংখ্যা | অডিট ডিপার্টমেন্ট | অডিট ডিপার্টমেন্ট হতে প্রাপ্ত প্রতিবেদন |
| [৩.৪] মামলা নিষ্পত্তিকরণ | [৩.৪.১] নিষ্পত্তি মামলা | ল’ ডিপার্টমেন্ট | ল’ ডিপার্টমেন্ট হতে প্রাপ্ত প্রতিবেদন |
| [৪.১] আইসিটি ব্যবস্থা উন্নতকরণ | [৪.১.১] ওয়েববেইজড Employee Management System (HRM, Payroll, Staff Loan, PF & Pension) সফটওয়্যার ক্রয় ও স্থাপন। | হার্ডওয়্যার এন্ড কমিউনিকেশন ডিভিশন ও সফটওয়্যার ডিভিশন | হার্ডওয়্যার এন্ড কমিউনিকেশন ডিভিশন ও সফটওয়্যার ডিভিশন হতে প্রাপ্ত প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [৪.২] মার্কেট পার্টিসিপেন্ট | [৪.২.১] গ্রাহক বৃদ্ধি | আইসিএমএল, আইএসটিসিএল, আইএএমসিএল , আইসিবির সকল শাখা, ইউনিট ফান্ড ডিপার্টমেন্ট ও লিয়েন এন্ড জেনারেল ক্রেডিট ডিপার্টমেন্ট | আইসিএমএল, আইএসটিসিএল, আইএএমসিএল , আইসিবির সকল শাখা, ইউনিট ফান্ড ডিপার্টমেন্ট ও লিয়েন এন্ড জেনারেল ক্রেডিট ডিপার্টমেন্ট হতে প্রাপ্ত প্রতিবেদন |
| [৪.৩] ব্যবসা সহজীকরণ এবং ওয়ান স্টপ সার্ভিস (OSS) সম্পর্কিত তথ্য প্রচার ও সেবা প্রার্থী কর্তৃক তথ্য জানার সুযোগ | [৪.৩.১] ওয়ান স্টপ সার্ভিস (OSS) চালুকৃত শাখা/অফিস | আইসিবির সংশ্লিষ্ট শাখা এবং সাবসিডিয়ারি কোম্পানি | আইসিবির সংশ্লিষ্ট শাখা এবং সাবসিডিয়ারি কোম্পানি হতে প্রাপ্ত প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ